গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের ডিসেম্বর-২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মল্লিক সাঈদ মাহবুব<br>যুগ্মসচিব<br>ও<br>এপিএ টিম প্রধান |
| সভার তারিখ | : | ১৪/১২/২০২০ |
| সময় | : | দুপুর ১২.৩০ টা |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের বিষয়ে কাজ করার জন্য উপস্থিত সুরক্ষা সেবা বিভাগের বিভিন্ন অনুবিভাগ প্রতিনিধি এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। চুক্তিতে বর্ণিত প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সবাইকে এখন থেকেই আরো আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করার আহবান জানান।

২। **<u>বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :</u>**

০৯/১১/২০২০ তারিখে অনুষ্ঠিত এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি), পঞ্চবার্ষিক পরিকল্পনা, মধ্যমেয়াদী বাজেট কাঠামো এবং নির্বাচনী ইশতেহার’ ২০১৮-এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থার কার্যক্রমসমূহ অন্তর্ভুক্তকরণের বিষয়ে সভাপতি বলেন, সংশ্লিষ্ট বিভাগ এবং দপ্তর/সংস্থার মধ্যমেয়াদী বাজেট কাঠামোতে বর্ণিত কৌশলগত উদ্দেশ্য এর সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কৌশলগত উদ্দেশ্য সামঞ্জস্যপূর্ণ হওয়া প্রয়োজন। আগামীতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের ক্ষেত্রে এবিষয়ে সংশ্লিষ্ট সকলকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত গাইড লাইন অনুসরণ করতে হবে। সে সাথে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি), পঞ্চবার্ষিক পরিকল্পনা, মধ্যমেয়াদী বাজেট কাঠামো, নির্বাচনী ইশতেহার’-২০১৮ এবং সরকারের বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রমসমূহ বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে অন্তর্ভুক্তকরণ নিশ্চিত করতে হবে।

৪। সভায় সুরক্ষা সেবা বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, বিভিন্ন দপ্তর/সংস্থার কার্যক্রম এবং সুরক্ষা সেবা বিভাগের এপিএ তে বর্ণিত বিভিন্ন দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং মূল্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এছাড়া প্রতিটি কার্যক্রম বাস্তবায়ন তথা লক্ষ্যমাত্রা অর্জনের জন্য দায়িত্বপ্রাপ্ত অনুবিভাগ/ শাখা/দপ্তর/সংস্থার প্রধান এবং প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে পুনরায় পত্র দেয়া যেতে পারে। এছাড়া বিভিন্ন প্রকল্পের নির্মাণ কাজ, আইন/নীতিমালা/বিধিমালা প্রণয়ন, একাধিক দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রম এবং বিশেষ করে যে সমস্ত কার্যক্রম বিগত বছরের ক্যারিওভার হিসেবে চলতি বছরের এপিএ-তে অন্তর্ভুক্ত হয়েছে সে সব ক্ষেত্রে বিশেষ গুরুত্বারোপ করতে হবে।

৫। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

(৫.১) এপিএ পরিবীক্ষণ (Monitoring) কার্যক্রম বৃদ্ধিতে মাসিক সমন্বয় সভায় মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা যেতে পারে;

(৫.২) মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের এপিএ বাস্তবায়ন কার্যক্রম নিয়মিত পরিদর্শন করা যেতে পারে;

(৫.৩) এপিএ মূল্যায়নের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার এপিএ বাস্তবায়ন অগ্রগতির যথার্থতা যাচাইয়ের জন্য সরেজমিনে বাস্তবায়িত কার্যক্রম পরিদর্শন করা যেতে পারে;

(৫.৪) কোভিড-১৯ পরিস্থিতির কারণে বা বিভিন্ন দুর্যোগে কোনো ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন বাধাগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকলে বিকল্প পদ্ধতি অবলম্বনের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে;

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(৫.৫) ১৫ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে এপিএ বাস্তবায়ন সংক্রান্ত ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং APAMS সফটওয়্যারে দাখিলের লক্ষ্যে প্রতিটি সূচকের বাস্তবায়ন অগ্রগতির হার প্রমাণকসহ আগামী ০৭/০১/২০২১ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট বরাবর প্রেরণ করতে হবে।

৬। পরিশেষে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩.১২.২০২০
(মল্লিক সাঈদ মাহবুব)
যুগ্মসচিব
অগ্নি অনুবিভাগ
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ১১৪

তারিখ : ০৮ পৌষ ১৪২৭ / ২৩ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১) মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব/যুগ্মসচিব .......................................... উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
৪) কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
৫) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৬) উপসচিব................................................. ও এপিএ টিমের সদস্য, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) প্রোগামার ও এপিএ টিমের সদস্য, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

২৩/১২/২০২০
(জাহিদুল ইসলাম)
উপসচিব
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
এপিএ টিম।